



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৫৬০০.০১৭.২৭.০০১.১৬-১০৮

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: দেলোয়ার হোসেন, ইউপি সদস্য, ০৬নং ওয়ার্ড, মহাদেবপুর ইউনিয়ন পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ-কে নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০ (সংশোধনী/০৩ এর ৯(১)/৩০ ধারায় আপনার বিরুদ্ধে শিবালয় থানায় দায়েরকৃত মামলা নং-১৯(৮)২০২০ দায়ের হওয়ায় জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৫ জানুয়ারি, ২০২১ তারিখের ১০৭ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৩/০১/২০২১
(মো: আবুজার রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up11gd@gmail.com

জনাব মো: দেলোয়ার হোসেন
ইউপি সদস্য, ০৬নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), মহাদেবপুর ইউনিয়ন পরিষদ
শিবালয়, মানিকগঞ্জ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ (উল্লিখিত ইউপি সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।